ভারতের দিল্লিতে করোনা ভাইরাসে ডাক্তার আক্রান্ত, ৮০০ জন কোয়ারেন্টিনে

কমিউনিটি ক্লিনিকের ডাক্তারের শরীরে করোনাভাইরাসের লক্ষণ দেখা দেওয়ার পর পরীক্ষা করা হয়। এতে করোনা পজিটিভ ধরা পড়েছে। ফলে তার সংস্পর্শে যাওয়া আটশ জনকে হোম-কোয়ারেন্টিনে রাখা হয়েছে। ঘটনাটি ঘটেছে ভারতের দিল্লিতে।

জানা গেছে, গত ১২ মার্চ থেকে ১৮ মার্চ পর্যন্ত যারা ওই ডাক্তারের সংস্পর্শে গেছেন, তাদের সবাইকে আজ থেকে ১৫ দিনের জন্য কোয়ারেন্টিনে থাকার কথা বলা হয়েছে। ওই ডাক্তারের সংস্পর্শে যাওয়া কারো মধ্যে করোনার লক্ষণ দেখা দিলে স্থানীয় সরকারকে জানাতে বলেছেন শাহদারা এলাকার সাব-ডিভিশনাল ম্যাজিস্ট্রেট।

দিল্লির স্বাস্থ্য কর্মকর্তারা এরই মধ্যে একটি বিবৃতি দিয়েছেন। তাতে বলা হয়েছে, কমিউনিটি ক্লিনিকের চিকিৎসক গোপাল ঝা করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। ওই ক্লিনিক বন্ধ করে দিয়ে জীবাণুনাশক ছেঁটানো হয়েছে। ওই হাসপাতালে ১২ মার্চ থেকে ১৮ মার্চের মধ্যে যাওয়া কেউ আক্রান্ত হওয়ার শঙ্কা থাকলে জরুরি ভিত্তিতে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে।

কালের কণ্ঠ অনলাইন

মেহেরপুরে যে কোন সময় সেনাবাহিনী , শহর ফাঁকা

প্রায় এক মাস আগে চীনে নতুন করোনাভাইরাসের সংক্রমণ শুরু হওয়ার পর এখন তা ছড়িয়ে পড়েছে সারা বিশ্ব । এই ভাইরাসের সংক্রমণ আরও কতটা ব্যাপকভাবে ছড়াতে পারে এবং কত মানুষ এতে আক্রান্ত হতে পারে

তা নিয়ে চিন্তিত বিশেষজ্ঞরা।

এখনো এটিকে বিশ্ব মহামারী বলে ঘোষণা করা হয়নি। কিন্তু বিশ্বকে এই করোনাভাইরাসের এক মহামারীর মুখোমুখি হতে হবে- এমন আশংকায় কর্মকর্তারা এখন থেকেই প্রস্তুতি নিতে শুরু করেছেন। সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও ঘনীভূত করোনাভাইরাস আতঙ্ক।

করোনা ভাইরাস সংক্রমণ এড়াতে গত ২৫ থেকে দেশের সুপার মার্কেট ও ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ । তবে কাঁচাবাজার, মুদি দোকান, ফার্মেসি এবং নিত্যপণ্যপর দোকান খোলা আছে।

এর ধারাবাহিকতায় বন্ধের দ্বিতীয় দিনে মেহেরপুরে সকল প্রকার ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ রয়েছে। বৃহস্পতির সকালে মেহেরপুর শহরের প্রতিটি এলাকায় ঘুরে দেখা গেছে সকল প্রকার দোকানপাট বন্ধ রাখতে।

এদিকে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে মেহেরপুর শহরের সকল ব্যবসাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় মূল শহর একেবারে ফাঁকা অবস্থা বিরাজ করছে। শহরে সকল প্রকার ইজিবাইক ও রিকশা চলাচল করলেও তাতে যাত্রী সংখ্যা খুবই কম দেখা গেছে।

করোনা ভাইরাসের কারণে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের অনুষ্ঠান অনাড়ম্বরভাবে পালিত হয়েছে। মানুষজনকে খুব একটা ঘরের বাইরে বের হতে দেখা যাচ্ছে না।

আজ দিনের যেকোনো সময় সেনাবাহিনীর সদস্যরা শহরে নামতে পারেন বলে ধারণা করা হচ্ছে। এদিকে চৈত্র মাস শুরু হওয়ার পর আজই প্রথম মেহেরপুরে কড়া রোদ পড়তে শুরু করেছে। বেলা বাড়ার সাথে সাথে মেহেরপুরের প্রধান সড়কগুলো একেবারে ফাঁকা অবস্থায় দেখা গেছে।

একসাথে দুজন চলাফেরা নিষিদ্ধ

প্রাণঘাতী করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে সামাজিক দূরত্ব বজায় রাখা ও ঘরে অবস্থান নিশ্চিত করতে আজ বৃহস্পতিবার থেকে ঢাকার রাস্তায় চলাচল নিয়ন্ত্রণ করবে পুলিশ।

এ সময় সেনাবাহিনীও মাঠে থাকবে। সরকারের নানা পরামর্শ আর নির্দেশনার পরেও মানুষের মধ্যে সচেতনতা আসেনি। বরং মানুষ ঘরে থাকার চেয়ে ছুটির মুডে ঘুরে বেড়াচ্ছেন। ধর্মতাত্বিকরা বারবার ঘরে বসে নামাজ পড়ার আহ্বান জানালেও কিছু ‘অতি ধার্মিক’ লোক দেখানোর জন্য মসজিদে যাচ্ছে। এভাবেই ছড়িয়ে পড়ছে করোনাভাইরাস।

প্রয়োজন ছাড়া কাউকে রাস্তায় থাকতে দেওয়া হবে না। কেউ বের হলে তাঁকে পুলিশের জেরার মুখে পড়তে হবে। তবে সংবাদপত্রসহ জরুরি সেবা আওতামুক্ত থাকবে।

নির্দেশনা অনুযায়ী আজ থেকে সারাদেশে একসাথে দুজন চলাফেরা করতে পারবে না কেউ। জরুরি কাজ ছাড়া কেউ বাড়ির বাইরে যেতে পারবে না। আর গেলেও তাকে জিজ্ঞাসাবের মুখোমুখি হতে হবে।

এমন পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ও করোনা আক্রান্তদের চিকিৎসা নিশ্চিত করতে সারাদেশে সশস্ত্র বাহিনী নামানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার। উপকূলীয় এলাকায় কাজ করবে নৌবাহিনী। জরুরি ওষুধ সরবরাহ ও চিকিৎসা নিশ্চিত করবে বিমান বাহিনী আর শহরগুলোতে সার্বিক নির্দেশনা বাস্তবায়ন করবে সেনাবাহিনী।

চুয়াডাঙ্গায় চব্বিশ ঘন্টায় ৭১ জন কোয়ারেন্টিনে

চুয়াডাঙ্গায় গত ২৪ ঘন্টায় নতুন করে ৭১ জনকে হোম কোয়ারেন্টিনে রাখা হয়েছে।

এ নিয়ে মোট কোয়ারেন্টিনের সংখ্যা দাড়ালো ৩০৪ জনে। এছাড়া চুয়াডাঙ্গা সদর হাসপাতালে একজন আইসোলেশনে এবং একজন কোয়ারেন্টিনে আছেন।

আগে থেকে হোম কোয়ারেন্টিনে থাকা ৩৫ জনকে কোয়ারেন্টিন থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। চুয়াডাঙ্গার সহকারি কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আমজাদ হোসেন এ তথ্য জানান।

মেহেরপুরে অভিযান করোনাভাইরাস প্রতিরোধের জনসমাগম ঠেকাতে

করোনা ভাইরাসবর্তমান পরিপ্রেক্ষিত করোনা ভাইরাস প্রতিরোধের জনসমাগম ঠেকাতে মেহেরপুরে অভিযান শুরু হয়েছে। বুধবার দুপুরের দিকে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ মাইনউদ্দিন এর নেতৃত্বে এ অভিযান শুরু করা হয়।

শহরের কোর্ট এলাকা থেকে শুরু করে প্রধান সড়কের বড়বাজার এবং কাথুলী সড়কে অভিযান চালানো হয়। অভিযান চলাকালে সড়কের দুই পাশে কয়েকটি স্থানে শ্রমিকরা দলবদ্ধভাবে কাজ করার সময় সেখানে বাধা দেওয়া হয় এবং কাজ বন্ধ করে দেয়া হয়।

একই সাথে একই স্থানে পাঁচ জনের অধিক লোক থাকলে সেখান থেকে তাদেরকে সরানো হয়েছে। অভিযান চলাকালে পুলিশের একটি দল সেখানে উপস্থিত ছিল এবং ডিবির একটি দল একইসাথে তাদের অভিযান পরিচালনা করেন। দিনের শুরুতে মেহেরপুর শহরের প্রধান সড়কগুলোতে ইজিবাইকের দেখা মিললেও দুপুরের পর থেকে ইজিবাইক চলাচল কম করতে দেখা গেছে।

মাস্ক বিক্রি শুরু মেহেরপুরে ফুটপাতে

করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুরে ব্যবসায়ীরা ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ রাখার পর শহরের ফুটপাতে মাক্স বিক্রি শুরু হয়েছে।

বুধবার দুপুরের দিকে মেহেরপুর শহরের বড়বাজার এলাকায় বেশ কয়েকজন ব্যবসায়ী তাদের ব্যবসা কেন্দ্রের প্রধান ফটক বন্ধ রেখে সামনে

মাক্স ঝুলিয়ে বিক্রি করতে দেখা গেছে।

এদিকে ক্রেতাদের অভিযোগ ১০ থেকে ১৫ টাকার মাক্স এখন ৪০/৫০ টাকায় বিক্রি হচ্ছে। এদিকে শুরু থেকেই ছাত্রদের রাস্তায় বের হওয়ার ব্যাপারে নিষেধাজ্ঞা থাকলেও রাস্তার পাশে শিশুদের মাক্স বিক্রি করতে দেখা গেছে।

আরও ১ জনের মৃত্যু,২৪ ঘণ্টায় করোনায় নতুন কোনো আক্রান্ত নেই

দেশে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে ২৪ ঘণ্টায় আরও একজনের মৃত্যু হয়েছে। এনিয়ে মৃত্যের সংখ্যা দাঁড়ালো ৫। এইসময় আর নতুন কোন রোগী শনাক্ত হয়নি। করোনা ভাইরাস থেকে সুস্থ হয়ে উঠেছেন আরও ২ জন। সবমিলিয়ে সুস্থ হয়েছেন ৭ জন।

আজ বুধবার দুপুরে স্বাস্থ্য অধিদপ্তরের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক ডা. মীরজাদী সেব্রিনা ফ্লোরা করোনা ভাইরাস সংক্রান্ত অনলাইন লাইভ ব্রিফিংয়ে এ তথ্য জানান।

তিনি বলেন, এ পর্যন্ত দেশে মোট ৭৯৪ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে। গত ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষা করা হয়েছে আরও ৮২ জনের জনের। এদের মধ্যে নতুন করে কেউ আক্রান্ত হননি। ফলে আক্রান্ত রোগীর সংখ্যা ৩৯-ই থাকলো।

তবে আগে থেকে যারা আক্রান্ত ছিলেন, তাদের মধ্যে একজন আজ বুধবার সকালে মারা গেছেন। তার বয়স ছিল ৬৪ বছর। তিনি উচ্চরক্তচাপ ও ডায়াবেটিসে ভুগছিলেন। বিদেশ ফেরত এক ব্যক্তির সংস্পর্শে থেকে গত ১৮ই মার্চ করোনা ভাইরাসে আক্রান্ত হন তিনি। এরপর স্থানীয় একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। অবস্থার অবনতি হলে গত ২১শে মার্চ তাকে রাজধানীর কুয়েত মৈত্রী হাসপাতালে ভর্তি করা হয়।

তিনি আরও জানান, দেশে বর্তমানে করোনা নিশ্চিত বা সন্দেহভাজন এমন ৪৭ জন আছেন আইসোলেশনে। প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনে আছেন ৪৭ জন। এছাড়া সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন আরও ২জন। সব মিলিয়ে করোনা ভাইরাস থেকে সুস্থ হয়েছেন মোট ৭ জন।

বাড়িতে কোয়ারেন্টিনে থাকা বৃদ্ধের মৃত্যু সিলেটে

সিলেট নগরের নিজ বাড়িতে কোয়ারেন্টিনে থাকা এক বৃদ্ধ (৬৫) মারা গেছেন। গত মঙ্গলবার রাত ৯টার দিকে তিনি মারা যান। তবে তিনি করোনা আক্রান্ত নন বলে জানিয়েছেন সিলেটের সিভিল সার্জন।

ওই বৃদ্ধ নগরেরই বাসিন্দা। সম্প্রতি তাঁর ছেলে যুক্তরাজ্য থেকে দেশে এসেছিলেন।

সিলেট সিভিল সার্জন ও জেলা প্রশাসন সূত্রে জানা যায়, এই ব্যক্তি কিডনির জটিলতায় ভুগছিলেন। তাঁর নিয়মিত ডায়ালাইসিস করাতে হতো। ১৪ মার্চ তাঁর ছেলে যুক্তরাজ্য থেকে দেশে ফেরেন। পরে প্রবাসী ছেলে তাঁকে বেসরকারি হাসপাতালে নিয়ে চিকিৎসা করান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে বাড়িতে কোয়ারেন্টিনে (পৃথক কক্ষে রাখা) রাখার পরামর্শ দেন।

সিলেট জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মেজবাহ উদ্দিন প্রথম আলোকে বলেন, ‘মারা যাওয়া ব্যক্তি হোম কোয়ারেন্টিনে ছিলেন। তাঁর ছেলেরও হোম কোয়ারেন্টিনে থাকার কথা। কিন্তু তিনি যুক্তরাজ্যে ফিরে গেছেন। আমরা পর্যবেক্ষণকালেও নির্দেশনা দিয়ে এসেছি।’

সিলেটের সিভিল সার্জন প্রেমানন্দ মণ্ডল বলেন, মারা যাওয়া ব্যক্তি ডায়ালাইসিসের রোগী ছিলেন। নিজ বাড়িতে কোয়ারেন্টিনে ছিলেন। এখন শুধু তিনি নন সারা দেশ কোয়ারেন্টিনে রয়েছে। তিনি করোনা আক্রান্ত ছিলেন না, দাফনের ব্যবস্থা করবেন পরিবারের সদস্যরা।

নিউইয়র্কে করোনাভাইরাসে ৪ বাংলাদেশির মৃত্যু

নিউইয়র্কে করোনাভাইরাসে ২৪ ঘণ্টায় ৪ বাংলাদেশির মৃত্যু প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে নিউইয়র্কে মঙ্গলবার দুই নারীসহ চারজন মারা গেছেন।

এদের মধ্যে- এলমাস্ট হাসপাতালে ৬০ বছরের আবদুল বাতেন, ৭০ বছরের নূরজাহান বেগম ও ৪২ বছরের এক নারী এবং প্লেইনভিউ হাসপাতালে ৫৯ বছরের এটিএম সালাম।

হাসপাতাল কর্তৃপক্ষ এ তথ্য নিশ্চিত করেছে। নিউইয়র্কে ওই চারজনসহ আট বাংলাদেশি মারা গেছেন করোনাভাইরাসে।

আবদুল বাতেনের বাড়ি নোয়াখালী জেলার সোনাইমুড়ি, তিনি ব্রুকলিনে বসবাস করতেন।

নাম প্রকাশে অনিচ্ছুক মৃত ৪২ বছরের নারীর বাড়ি মৌলভীবাজার জেলায়, তিনি এস্টোরিয়ায় বসবাস করতেন।

রংপুরের এটিএম সালাম ছিলেন ওয়েস্টর বে লং ল্যান্ড এলাকায়। ঢাকার মোহাম্মাপুরের নূরজাহান বাস করতেন এলমাস্ট এলাকায়।

মৃতের স্বজনরা আগে এক দিনে লাশ হাতে পেতেন। এখন হাসপাতালগুলোর ব্যাস্তরার জন্য ২ দিন সময় লাগছে।

বোর্ড অব ইলেকশনের সদস্য মাজেদা আক্তার বলেন, মেয়র অফিস থেকে আমাদের জানানো হয়েছে আক্রান্তদের বেশিরভাগই ট্যাক্সিচালক এবং ডেলিভারি কাজে নিয়োজিত কর্মী।

তাদের মাধ্যমে পরিবারের সদস্যরাও আক্রান্ত হয়েছেন। মাজেদা আক্তার আরও বলেন, আমরা যারা বাংলাদেশি কমিউনিটির উন্নয়নের জন্য কাজ করি, তাদের মেয়র অফিসে থেকে জানানো হয়েছে– বাংলাদেশি মানুষের মৃত্যু সংবাদগুলো।

আরও বলা হয়েছে, আমরা বাংলাদেশিদের যেন এই ভাইরাস সম্পর্কে আরও সতর্ক করি। বাইরে অযথা ঘোরাফেরা না করার জন্য অনুরোধ করা হয়েছে প্রত্যকেকে।

২৩ মার্চ মারা গেছেন ৩৮ বছরের আমিনা ইন্দ্রালিব তৃশা এবং ৬৯ বছরের মোহাম্মদ ইসমত। আগের সপ্তাহে মারা গেছেন মোতাহের হোসেন ও মোহাম্মদ আলী নামের দুই বাংলাদেশি।

সূএ যুগান্তর

মেহেরপুর পৌরসভার করোনা ভাইরাস প্রতিরোধে পৌরসভা কমিটির আলোচনা সভা

মেহেরপুর পৌরসভার উদ্যোগে করোনা ভাইরাস প্রতিরোধে পৌরসভা কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল মঙ্গবার দুপুরের দিকে মেহেরপুর পৌরসভার কালাচাঁদ মেমোরিয়াল হল মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন সহকারী কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, কাউন্সিলর আল মামুন, জাফর ইকবাল, নুরুল আশরাফ রাজিব, সোহেল রানা ডলার, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের সহকারী প্রধান শিক্ষক এনামুল হক প্রমুখ।